# সৌদি আরবের পেট্রোকেমিক্যাল স্থাপনায় হামলার দাবি ইরানের



সৌদির জুবাইলে পেট্রোকেমিক্যাল প্লান্ট। ছবি: সংগৃহীত

সৌদি আরবের জুবাইল এলাকায় একটি পেট্রোকেমিক্যাল কারখানায় হামলা চালানোর দাবি করেছে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড বাহিনী (আইআরজিসি)। ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা আইআরএনএ-তে প্রকাশিত এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়।

আইআরজিসির দাবি অনুযায়ী, সৌদি আরবে ইরানের কিছু পেট্রোকেমিক্যাল স্থাপনায় হামলার প্রতিক্রিয়ায় তারা ড্রোন ও ক্ষেপণাস্ত্র ব্যবহার করে এই আক্রমণ চালায়।

এর আগে আন্তর্জাতিক সংবাদ সংস্থা এএফপি জানায়, জুবাইলের ওই শিল্প কমপ্লেক্সে বিস্ফোরণের ঘটনা ঘটে। ঘটনাস্থলে থাকা একটি সূত্রের বরাতে তারা জানায়, সেখানে আগুন ধরে যায় এবং শক্তিশালী বিস্ফোরণের শব্দ শোনা গেছে।

দিনের বিভিন্ন সময়ে ইরানের একাধিক গণমাধ্যম—ফার্স, নূর ও তাসনিম—এ ঘটনাটি নিয়ে খবর প্রকাশ করে এবং একটি ভিডিও ছড়ায়, যেখানে কমপ্লেক্সে আগুন দেখা যাচ্ছে বলে দাবি করা হয়।

তবে এসব তথ্য স্বাধীনভাবে যাচাই করা যায়নি। এ বিষয়ে এখন পর্যন্ত সৌদি কর্তৃপক্ষের পক্ষ থেকেও কোনো আনুষ্ঠানিক বক্তব্য পাওয়া যায়নি।